

Thursday, May 19, 2022

# NEWAGE

## Bangladesh

### Joyeeta holds raffle draw

Staff Correspondent | Published: 00:52, May 19, 2022



Guests attend the raffle draw and prizes distribution ceremony organised by Joyeeta Foundation on the food court at Rapa Plaza in Dhaka on Wednesday. — Press release

Joyeeta Foundation held the raffle draw of the coupons distributed to the customers at the Joyeeta Biponon Kendra of Joyeeta Food Court at Rapa Plaza in Dhanmondi area on the occasion of Eid-ul-Fitr.

Joyeeta Foundation, an initiative of the Ministry of Women and Children Affairs, conducted the raffle draw and distributed prizes among 30 winners under eight categories on the food court at Rapa Plaza on Wednesday.

# আমার সংবাদ

## জয়িতা ফাউন্ডেশনের পুরস্কার বিতরণ

নিজস্ব প্রতিবেদক ▶▶

ঈদুল ফিতর-২০২২ উপলক্ষে ধানমন্ডির রাপা প্লাজায় জয়িতা বিপণন কেন্দ্র ও জয়িতা ফুড কোর্ট থেকে বিতরণকৃত কুপনের র্যাফেলের ড্র হয়। এ সময় র্যাফেল ড্র বিজয়ীদের নাম ঘোষণা করা হয়। পরে আট কাটাগরিতে দেয়া ৩০টি আকর্ষণীয় পুরস্কার বিজয়ীদের হাতে তুলে দেয়া হয়। গতকাল রাজধানীর ধানমন্ডির রাপা প্লাজায় জয়িতা ফাউন্ডেশনের জয়িতা ফুড কোর্টে এ পুরস্কার তুলে দেয়া হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জয়িতা ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক আফরোজা খান। সভাপতিত্ব করেন জয়িতা ফাউন্ডেশনের প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) মো. শহিদুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জয়িতা ফাউন্ডেশনের পরিচালক-১ (উপসচিব) মো. আরিফুল ইসলাম ও নিপুল কান্তি বাল। প্রসঙ্গত, গত বছরের ১৮ জুলাই রাজধানীর ধানমন্ডির রাপা প্লাজায় মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন জয়িতা ফাউন্ডেশনের জয়িতা ফুড কোর্টের উদ্বোধন করা হয়। রাপা প্লাজার পশ্চিম তলায় জয়িতা ফুড কোর্টের ১৪টি খাবারের দোকান রয়েছে। এখানে রয়েছে দেশীয় ও আঞ্চলিক খাবার, পিঠাপুলি, মগু মিঠাই, মোঘলাই খাবার ও ড্রাই ফুডের সমাহার। সবগুলো দোকানই নারী উদ্যোক্তাদের দ্বারা পরিচালিত। এরই মধ্যে এসব তৈরি খাবারের সুনাম ছড়িয়ে পড়েছে।